গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সমাজসেবা ভবন
ই-৮বি-১,আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd

**শেখ হাসিনার দিন বদলে**
**সমাজসেবা এগিয়ে চলে**

স্মারক নং ৪১.০১.০০০০০.০২০.১৬.০০৫.১৮.৬৪৩

তারিখঃ ২৫ অগ্রহায়ন ১৪২৬ / ১০ ডিসেম্বর ২০১৯

**বিষয় : আগামী ১২ ডিসেম্বর ২০১৯ 'ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯'উদযাপন সংক্রান্ত।**

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয় এর স্মারক :১১৪৯, তারিখ: ১০ ডিসেম্বর ২০১৯।

উপযুক্ত বিষয় ও সূত্রে প্রাপ্ত পত্রের মর্মানুযায়ী আগামী ১২ ডিসেম্বর ২০১৯ **'ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯'** উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল।

সংযুক্ত: বর্ণনামতে ০২ পাতা।

১০/১২/২০১৯

(মোঃ জুলফিকার হায়দার)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।
ফোন: ০২-৫৫০০৭০২২
E-mail: director-admin@dss.gov.bd

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ- (প্রেরণ করা হল):

১। সিনিয়র সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।

৩। পরিচালক (কার্যক্রম/ প্রতিষ্ঠান/ সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, ঢাকা।

৪। বিভাগীয় পরিচালক (সকল) সমাজসেবা অধিদফতর।

৫। উপপরিচালক (সকল) সমাজসেবা অধিদফতর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ শাখা
www.msw.gov.bd

নং- ৪১.০৩৫.০০৮.০০.০০.০২২.২০১০-১১৪৯

তারিখ: ২৫ অগ্রহায়ণ, ১৪২৬
১০ ডিসেম্বর, ২০১৯

বিষয়: আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ 'ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯' উদযাপন প্রসঙ্গে।

সূত্র: সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর ১৯-১১-২০১৯ তারিখের ২৭২ নং উপানুষ্ঠানিক পত্র।

উপর্যুক্ত বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে প্রাপ্ত সূত্রে উল্লেখিত উপানুষ্ঠানিক পত্র অত্রসাথ সংযুক্ত করে প্রেরণ করা হলো। উক্ত উপানুষ্ঠানিক পত্রের আলোকে 'ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯' উদযাপনে সক্রিয় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ০১ (এক) পাতা।

১০/১২/১৯
(মোহাম্মদ জিয়াউল হক)
উপসচিব (প্রশাসন-৪)
ফোন: ৯৫৪০১৬৯

বিতরণ কার্যার্থে:

০১। মহাপরিচালক
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

০২। ব্যবস্থাপনা পরিচালক
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
মিরপুর-১৪, ঢাকা।

০৩। নির্বাহী সচিব
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা।

০৪। ব্যবস্থাপনা পরিচালক
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, ঢাকা।

০৫। নির্বাহী পরিচালক
শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট
বনানী, ঢাকা।

০৬। নির্বাহী পরিচালক
শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প,
স্টেশন রোড, টংগী, গাজীপুর।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন),সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। উপসচিব (সকল), সমাজকল্যান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সিস্টেম এনালিষ্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

DS (AA-4)
pul
ct 6

এন এম জিয়াউল আলম পিএএ
সিনিয়র সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ফোন: +৮৮ ০২ ৮১৮১৫৪৭, ই-মেইল: secretary@ictd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪২৬
১৯ নভেম্বর ২০১৯

উপানুষ্ঠানিক পত্র নং-৫৬.০০.০০০০.০০২.২৫.০১১.১৭-২৭২

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টেকসই ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে আইসিটি'র সর্বোত্তম ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ, প্রযুক্তিগত অবকাঠামো নির্মাণসহ নির্ভরযোগ্য কানেক্টিভিটি প্রতিষ্ঠার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ নিরলস কাজ করে যাচ্ছে। এছাড়াও আইসিটি ভিত্তিক উন্নয়ন প্রতিষ্ঠায় বাংলাদেশের অর্জিত সাফল্য ও আউটসোর্সিং খাতে দেশের সক্ষমতা বহির্বিশ্বের কাছে তুলে ধরা, দেশের অর্থনৈতিক সম্ভবনাকে কাজে লাগানো, জিডিপি প্রবৃদ্ধি ইত্যাদি বিষয়েও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কাজ করে যাচ্ছে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ দেশে ও বিদেশে ৩য় বারের মত **"ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯"** উদ্‌যাপিত হবে। এবারের দিবসটি উদ্‌যাপন উপলক্ষে আগামী ১২ ডিসেম্বর ২০১৯ বৃহস্পতিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে, (বিআইসিসি) আয়োজিত মূল অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী **শেখ হাসিনা এমপি** প্রধান অতিথির আসন অলংকৃত করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উল্লেখ্য ২০০৮ সালের ১২ ডিসেম্বর তারিখে বর্তমান সরকারের **রূপকল্প ২০২১ তথা "ডিজিটাল বাংলাদেশ"** ঘোষণার মাধ্যমে বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে এ দিবসটির গুরুত্ব ও তাৎপর্য অনুধাবন করে মন্ত্রিসভা বৈঠক ১২ ডিসেম্বরকে **"ডিজিটাল বাংলাদেশ দিবস"** হিসেবে পালনের অনুমোদন দেয়।

তথ্য-প্রযুক্তির ব্যবহারে বিবর্তনের সংগে সংগে যেমন নানা ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন এসেছে তেমনি এর নেতিবাচক প্রভাবকেও উপেক্ষা করবার নয়। সামাজিক যোগাযোগ মাধ্যম আজ আমাদের জীবনের অনুষঙ্গ। সাইবারস্পেসে সত্য-মিথ্যা যাচাই না করে অনেকেই তথ্য আপলোড বা শেয়ার করে সমাজ ও রাষ্ট্র ব্যবস্থায় এর বিরূপ প্রভাব বিস্তারের অপচেষ্টা করছে। সেই বাস্তবতার আলোকে এবারের ডিজিটাল বাংলাদেশ দিবসের নিম্নরূপ প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে।

**"সত্য-মিথ্যার যাচাই আগে,
ইন্টারনেটে শেয়ার পরে।"**

আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ সকাল ০৭:০০ ঘটিকায় জাতীয় সংসদের দক্ষিণ প্লাজা হতে খামারবাড়ি মোড় পর্যন্ত একটি বর্ণাঢ্য র‍্যালী অনুষ্ঠিত হবে। দিবসটি উদ্‌যাপনের জন্য দেশব্যাপী ডিজিটাল বাংলাদেশ এর উপর **কুইজ** প্রতিযোগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা ও অনলাইন প্লাটফরমে 'আমার দেখা ডিজিটাল বাংলাদেশ' এর উপর প্রেজেন্টেশন তৈরি প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এছাড়াও ৬৪ টি জেলায় এবং ৪৯১ টি উপজেলায় প্রতিপাদ্য-নির্ভর সেমিনার অনুষ্ঠিত হবে। টেকসই ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আপনার মন্ত্রণালয়/বিভাগ এর সংশ্লিষ্ট তথ্যপ্রযুক্তি খাতে প্রসার, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের বিগত ১০ বছরের অর্জন সম্পর্কিত কার্যক্রমসমূহ, প্রযুক্তিগত উদ্ভাবন ও সম্প্রসারণ ইত্যাদি প্রচারের জন্য আপনার মন্ত্রণালয়/বিভাগ হতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯ এর র‍্যালীতে আপনার মন্ত্রণালয়/বিভাগ এর উল্লেখযোগ্য সাফল্য ও অর্জনসমূহ প্রদর্শনের জন্য ব্যানার, প্ল্যাকার্ড, পোস্টার ইত্যাদিসহ অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সর্বোপরি "ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯" কে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য আপনার সক্রিয় অংশগ্রহণ এবং ঐকান্তিক সহযোগিতা কামনা করছি।

আন্তরিকভাবে আপনার

১৯/১১/২০১৯

(এন এম জিয়াউল আলম পিএএ)

জনাব জুয়েনা আজিজ
সিনিয়র সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়